



10/10

চট্টগ্রাম সিটি কর্পোরেশন
সচিবালয় বিভাগ

স্মারক নং: ৪৬.১১.১৬০০.০০১.১৮.০১৬.২৫. ২) ৩

তারিখ: ১৪/০১/২০২৫

বিষয়ঃ- চট্টগ্রাম সিটি কর্পোরেশন সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (সিএলসিসি) এর সভায় উপস্থিত থাকা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের সিটি কর্পোরেশন নাগরিক সম্পৃক্তকরণ নির্দেশিকা অনুযায়ী ক্যাপাসিটি ডেভেলপমেন্ট অব সিটি কর্পোরেশন (C4C2) প্রকল্পের আওতায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের গঠিত সিএলসিসি কমিটির সভা আগামী ২২ জানুয়ারি বুধবার, ২০২৫ খ্রি: দুপুর ০২.৩০ ঘটিকায় টাইগারপাশ্ব চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কনফারেন্স কক্ষে সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র ডাঃ শাহাদাত হোসেন।

২। উক্ত সভায় আপনাকে বর্ণিত কমিটির একজন সম্মানিত সদস্য হিসেবে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সভার আলোচ্যসূচিঃ-

- ১। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের চলমান অবকাঠামো উন্নয়নমূলক প্রকল্প এবং ২০২৪-২০২৫ অর্থবছরে প্রত্যাভিত/পরিকল্পিত প্রকল্প সম্পর্কে আলোচনা;
- ২। জলাবদ্ধতা নিরসনে জনসচেতনতা এবং নাগরিকদের সক্রিয়তা বৃদ্ধি সম্পর্কে আলোচনা;
- ৩। খাল দখলমুক্তকরণ, অবৈধ স্থাপন অপসারণ সম্পর্কে আলোচনা;
- ৪। মশক নিধন, এবং বর্জ্য ব্যবস্থাপনা সম্পর্কে আলোচনা;
- ৫। পরিবেশগত সমস্যা, সিটি কর্পোরেশন ও নাগরিক সম্পৃক্ততা সম্পর্কে আলোচনা;
- ৬। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পরিসেবা নিয়ে নাগরিক জরিপ;
- ৭। বিবিধ।

Amir
14.01.25

(মোহাম্মদ আশরাফুল আমিন)

সচিব

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

ফোনঃ- ০২৩৩৩৩৮০৭ (অফিস)

ই-মেইলঃ- secretary@ccc.gov.bd

অনুলিপি : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। জনাব.....

২। বিভাগীয় প্রধান (সকল), চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

৩। একান্ত সচিব, মাননীয় মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশন (মেয়র মহোদয়ের সদয় অবগতি ও তাঁর দৈনন্দিন কর্মসূচিতে অন্তর্ভুক্তকরণের ব্যবস্থা গ্রহণের জন্য)

৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা (নেজারত), চট্টগ্রাম সিটি কর্পোরেশন। তাকে প্রয়োজনীয় আপ্যায়নের ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

৫। ব্যক্তিগত সহকারী, প্রধান নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন। (প্রিন্স মহোদয়ের সদয় অবগতির জন্য)।

20/1/25

সচিব
২০/১/২৫
সচিব
২০/১/২৫

সচিব
২০/১/২৫